



স্মারক: ৫৭.১৭.০০০০.১০৫.৪১.০০৩.১৩.২২৩

তারিখ: ০৭-০৪-২০২২

পুন:বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক পরিচালিত জাতীয় দক্ষতামান বেসিক সার্টিফিকেট কোর্স (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রমে ভর্তিকৃত শিক্ষার্থীদের Online এ রেজিস্ট্রেশন কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানদের আবেদনের প্রেক্ষিতে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী বর্ধিত করা হলো। উল্লেখ্য, এই সময়সূচি পরবর্তীতে কোনক্রমেই বর্ধিত করা হবে না।

(১) জাতীয় দক্ষতামান বেসিক সার্টিফিকেট কোর্স (৩৬০ ঘন্টা) (কারিকুলাম কোড: ৩০)

জানুয়ারী-মার্চ: ২০২২ (৩ মাস মেয়াদি) ও জানুয়ারী-জুন: ২০২২ (৬ মাস মেয়াদি)

(ক) Online এ ডাটা এন্ট্রির সময়সূচি: ১২-০৪-২০২২ থেকে ২১-০৪-২০২২ খ্রি.পর্যন্ত।

(খ) হার্ড কপি প্রিন্ট করার তারিখ: ২২-০৪-২০২২ থেকে ২৫-০৪-২০২২ খ্রি.পর্যন্ত।

ফিসের বিবরণ: রেজিস্ট্রেশন ফি ৫০.০০ টাকা, পরীক্ষার ফি ৩০০.০০ টাকা, সনদপত্র ফি ১০০.০০ টাকা সহ সর্বমোট ৪৫০.০০ টাকা প্রতি শিক্ষার্থী।

(২) শিক্ষার্থী সংখ্যা প্রতি ট্রেডে ০৫ (পাঁচ) জনের কম হলে উক্ত তথ্য স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।

(৩) এন্ট্রিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি এর অর্থ সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর অনুকূলে সোনালী ব্যাংক লিমিটেড, আগারগাঁও শাখা, ঢাকা অথবা সোস্যাল ইসলামী ব্যাংক, বেগম রোকেয়া স্মরণী, আগারগাঁও, ঢাকা কর্তৃক DD এর মাধ্যমে প্রদান করতে হবে। DD করার সময়সূচি: ডাটা এন্ট্রির শেষ তারিখ থেকে ১০ কার্য দিবস পর্যন্ত।

(৪) রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ করার সময় রেজিস্ট্রেশন ফি জমা দেয়ার রশিদ অবশ্যই প্রদর্শন করতে হবে।

(৫) ২০২০-২১ অর্থ বছর পর্যন্ত প্রতিষ্ঠানের অ্যাফিলিয়েশন ফি পরিশোধের প্রমাণপত্রের ফটোকপি জমা দিতে হবে।

(৬) নির্ধারিত তারিখের মধ্যে রেজিস্ট্রেশন কার্য সম্পন্ন করতে না পারলে সমুদয় দায় প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে।

(৭) প্রতি ট্রেডে আসন সংখ্যা হবে ৫০ (পঞ্চাশ) জন। এর মধ্যে মূল আসন ৪০ (চল্লিশ) জন এবং ড্রপআউট ১০ (দশ) জন। তবে প্রতি ট্রেডে ন্যূনতম ০৫ (পাঁচ) জন শিক্ষার্থী রেজিস্ট্রেশন করতে হবে।

(৮) রেজিস্ট্রেশন কার্ড উত্তোলনের সিডিউল পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

[বিশেষ দ্রষ্টব্য: জরুরী প্রয়োজনে ০১৫৫০৬২০৬০৪, ০১৫৫২৪৮২৭৭৪ ও ০১৫৩৩৪৯২৮৪১ নম্বরে অফিস চলাকালিন সময়ে যোগাযোগ করা যাবে।]

(মোহাম্মদ আবদুল্লাহ আল মাহমুদ জামান)

সচিব

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

তারিখ: ০৭-০৪-২০২২ খ্রি.

স্মারক: ৫৭.১৭.০০০০.১০৫.৩৯.০০৩.১৩.২২৩ (১০)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

- ১-৫. পরিচালক (কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৭. শর্ট কোর্স, পরীক্ষা শাখা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. সংশ্লিষ্ট নথি।

(প্রকৌশলী মোঃ আব্দুল হান্নান)

উপ সচিব (রেজিস্ট্রেশন)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৫৫০০৬৫৩৬